



গঠনতন্ত্র

প্রস্তাবনা : সমাজসেবা অধিদপ্তর, জেলা সমাজসেবা কার্যালয় ঢাকা থেকে নিবন্ধিত “ঢাকা পল্লী সেবা সংস্থা” যার

নিবন্ধন নং: ঢ-০৮৮১৮, তারিখ: ১১/১১/২০১০ইং ১৮/০৯/২০১৭ইং এবং ০৮/০৩/২০২২ইং তারিখের সংশোধিত গঠনতন্ত্র বাতিল পূর্বক ১৯/০৮/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত সাধারণ সভায় অনুমোদিত নতুন গঠিত পূর্ণাঙ্গ গঠনতন্ত্রটি নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলো।

ধারা-০১ঃ সংস্থার নাম

বাংলা : “ঢাকা পল্লী সেবা সংস্থা”

এই সংগঠনের মূল নাম হবে “ঢাকা পল্লী সেবা সংস্থা”।

প্রতিটি বীজের মাঝেই যেমন সুপ্ত অবস্থায় লুকিয়ে থাকে, ঠিক তেমনিই প্রতিটি মানুষের অন্তরে সুপ্ত অবস্থায় লুকিয়ে থাকে তার বাঁচার আকাঙ্ক্ষা। মাটির সংস্পর্শে এসে যে বীজ থেকে বেরিয়ে আসে সে একদিন সূর্যের আলো আর মুক্ত বাতাসের সংস্পর্শে নতুন জীবনের সম্ভাবনায় দিন দিন বড় হতে থাকে। এভাবে একদিন পরিপূর্ণ জীবন লাভ করে। তেমনিভাবে সমাজের সংস্পর্শে এসে মানুষের ও পরিপূর্ণ কাঙ্ক্ষিত জীবন লাভ করার কথা। কিন্তু মানুষের জীবনের ক্ষেত্রে হয় তার বিপরীত। মানুষ বড় হতে থাকে, আর সে সাথে বাড়তে থাকে তার জীবনের উপর শোষণ আর নির্যাতন। এ সমাজের শোষণ আর নির্যাতনে একদিন নিঃশেষ হয়ে যায় অধিক দরিদ্র মানুষেরা। তার অন্তরে ঘুমিয়ে থাকা সুন্দর জীবন অকালেই বিনষ্ট হয়ে যায়। কিন্তু এমন হওয়ার কথা নয়।

তাই এ সংগঠনের কাম্য প্রতিটি মানুষের অন্তরে বেঁচে থাকার যে আকাঙ্ক্ষা সুপ্ত অবস্থায় আছে, তাকে পরিপূর্ণ বিকশিত করে প্রতিটি দরিদ্র মানুষের জীবনে সামাজিক অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে তাদের সমষ্টিগত জীবন সুন্দর করা।

ইংরেজী: **DHAKA PALLI SHEBA SANGSTHA**

ধারা-০২ঃ মনোছাত্র



সংস্থার স্লোগান হবে : ঢাকা পল্লী সেবা সংস্থার কার্যক্রম, পল্লীর হবে উন্নয়ন।

প্রতীকটি সংস্থার কার্যক্রমের সাথে সমন্বয় করে মাটির ব্যাংকে কাঁচা টাকা জমা করা অর্থাৎ সঞ্চয়ী হয়ে ভবিষ্যৎ গড়ার ইচ্ছা প্রদর্শন করা হয়েছে।

ধারা-০৩ঃ প্রধান কার্যালয়

গ্রাম- শোল্লা, ডাকঘর- শোল্লা, উপজেলা- নবাবগঞ্জ, জেলা- ঢাকা।

সংস্থার কার্যক্রম সম্প্রসারিত হলে সংস্থার প্রধান কার্যালয় জেলা শহরে স্থানান্তরিত করা যাবে।

স্বাক্ষর

কনা আক্তার

কনা আক্তার
মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ

চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

অনুমোদিত

১৯/০৮/২৩

নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন),
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ধারা-০৪ঃ কর্মএলাকা

“ঢাকা পল্লী সেবা সংস্থা” এর কর্মএলাকা ঢাকা জেলা। ভবিষ্যতে কর্মসূচী সম্প্রসারণের সাথে সাথে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সমগ্র বাংলাদেশে কর্ম এলাকা সম্প্রসারিত করা হবে।

ধারা-০৫ঃ সংস্থার লক্ষ্য

“ঢাকা পল্লী সেবা সংস্থা” এর লক্ষ্য (Goal) হল দরিদ্র, হতদরিদ্র এবং সুবিধাবঞ্চিত সামাজিক জনগোষ্ঠীর মধ্যে যে মানবিক গুণাবলী, দক্ষতা ও জ্ঞান বিদ্যমান তার বিকাশ ঘটানো যাতে তারা সম্পদ সমাবেশীকরণ ও সু-ব্যবস্থাপনার মাধ্যমে তাদের জীবনযাত্রার মান উন্নত করে স্থায়ীত্বশীল সমাজভিত্তিক জনসংগঠন সৃষ্টির মাধ্যমে দরিদ্র বিমোচন ও জনস্বাস্থ্য উন্নয়ন প্রক্রিয়ায় আর্থ-সামাজিক সাম্যতা নিশ্চিত করতে পারে।

ধারা-০৬ঃ সংস্থার উদ্দেশ্য

- ১) দরিদ্রতা দূরীকরণে ঐক্যবদ্ধ ও যৌথ প্রয়াস গ্রহণে যে সাংগঠনিক কাঠামো প্রয়োজন তা গড়ে তোলার জন্য গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে সহযোগিতা করা।
- ২) দরিদ্র পীড়িত বৃহৎ জনগোষ্ঠী সমাজে তাদের অবস্থান বুঝতে ও সঠিকভাবে বিশ্লেষণ করতে পারে, সমাজের সৃষ্ট সমস্যাসমূহ চিহ্নিত ও কারণ উদ্ঘাটনসহ সমাধানের পথ আবিষ্কার এবং সৃষ্ট সমস্যা সমূহ ঐক্যবদ্ধভাবে সমাধান করতে পারে সেজন্য উদ্যোগী ও সক্রিয় হতে সহযোগিতা করা।
- ৩) দরিদ্র পীড়িত বৃহৎ জনগোষ্ঠীর সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে একটি আত্ম নির্ভরশীল, ন্যায়ভিত্তিক ও সমতা বিধানকারী সমাজ ব্যবস্থা গড়ে তুলতে পারে সেলক্ষ্যে সহযোগিতা প্রদান।
- ৪) অভিষ্ট জনগোষ্ঠী সংগঠনের কর্মসূচীর পরিকল্পনা, পরিচালনা এবং মূল্যায়ন করতে পারে তার সহযোগিতা প্রদান।
- ৫) সংগঠনের প্রণীত কর্মসূচী সঠিকভাবে এগিয়ে নেওয়ার জন্য যে সমস্ত পদ্ধতি ও কৌশল অনুসরণ করা প্রয়োজন সেই সকল পদ্ধতিগত শিক্ষার ক্ষেত্রে সংগঠন সমূহের অভিষ্ট শ্রেণিকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন এবং সচেতনতা বৃদ্ধিতে সহায়তা প্রদান।

ধারা-০৭ঃ সংস্থার কর্মসূচী (সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে)

“ঢাকা পল্লী সেবা সংস্থা” এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের প্রয়াসে দরিদ্র পীড়িত বৃহৎ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মান উন্নয়নে সংস্থা বিভিন্ন প্রকল্প বা কর্মসূচী গ্রহণ করতে পারবে। যেমন: মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর সনদ প্রাপ্তি সাপেক্ষে ক্ষুদ্রঋণ কর্মসূচী, উৎপাদনমুখী আয়বৃদ্ধিমূলক কর্মসংস্থান সুযোগ সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করা, নিরাপদ পানি, পয়ঃনিষ্কাশন ও স্বাস্থ্য, পরিবেশবান্ধব টেকসই কৃষি উন্নয়ন, সামাজিক বনায়ন ও পরিবেশ উন্নয়ন, শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন, আইন সহায়তা, মানবাধিকার, সুশাসন, ত্রাণ ও পুনর্বাসন, পরিবার পরিকল্পনা, যৌতুক বিরোধী সামাজিক আন্দোলন, শিশু ও নারী অধিকার, নারী পুরুষের সমতা, প্রতিবন্ধী উন্নয়ন(প্রতিবন্ধী শিশু উন্নয়নসহ প্রতিবন্ধী যুবক ও যুব মহিলাদের জন্য বিভিন্ন প্রশিক্ষণসহঅন্যান্য কর্মসূচী বাস্তবায়ন)এবং বয়স্কদের জন্য ও কর্মসূচী বাস্তবায়ন ইত্যাদি। ঋণ কর্মসূচি সংক্রান্ত কোন দায় সমাজসেবা অধিদপ্তর তথা নিবন্ধন কর্তৃপক্ষের উপর বর্তাবে না। ঋণ সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করবেন।

অনুমোদিত

২০২০ ২০/০৮/২০

নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

কনা আক্তার

কনা আক্তার
মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

ধারা-০৮ঃ তহবিলের উৎস

সদস্য চাঁদা, ভর্তি ফি ও বিভিন্ন অনুদান। দেশী-বিদেশী, সরকারি-বেসরকারি বিভিন্ন দাতা সংস্থা এবং প্রতিষ্ঠানের অনুদান এবং ঋণ গ্রহণ। যেমন: পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), বিভিন্ন সরকারি-বেসরকারি ব্যাংক, লিজিং ও ফাইন্যান্সিং কর্পোরেশন ইত্যাদি। এছাড়াও সংস্থা গৃহীত উৎপাদনমুখী বিভিন্ন অর্থনৈতিক প্রকল্প হতে আয়।

ধারা-০৯ঃ সংস্থার সাধারণ সদস্যপদ লাভের যোগ্যতা

- ১) বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২) নূন্যতম বয়স ১৮ (আঠার) বছর হতে হবে।
- ৩) সংস্থার আদর্শ ও উদ্দেশ্য এবং কর্মসূচীতে বিশ্বাসী হতে হবে।
- ৪) বাংলাদেশের যে কোন অঞ্চলের নাগরিক সংস্থার সদস্য পদের জন্য আবেদন করতে পারবেন।
- ৫) সমাজ ও জনসেবায় আগ্রহী ব্যক্তিবর্গ সংস্থার সদস্যপদ লাভের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবরে আবেদন করতে হবে এবং আবেদন পত্রের সাথে ৫০.০০ (পঞ্চাশ) টাকা ফি জমা দিতে হবে।
- ৬) সংস্থার সদস্যগণ মাসিক ভিত্তিতে ১০.০০ (দশ) টাকা চাঁদা প্রদান করবেন।
- ৭) অপ্রকৃতিস্থ কোন ব্যক্তি সংস্থার সদস্যপদ লাভ করতে পারবে না।
- ৮) আদালতে যাদের বিরুদ্ধে মামলা আছে এবং মামলায় আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে তাদের সংস্থার সাধারণ পরিষদের সদস্যপদ প্রদান করা যাবে না।

ধারা-১০ঃ সদস্যদের অবস্থান অনুযায়ী প্রকারভেদ

- ১) প্রতিষ্ঠাতা সদস্য
- ২) পৃষ্ঠপোষক সদস্য
- ৩) দাতা সদস্য
- ৪) আজীবন সদস্য
- ৫) সাধারণ সদস্য

প্রতিষ্ঠাতা সদস্য:

“ঢাকা পল্লী সেবা সংস্থা” প্রতিষ্ঠায় যারা সর্বতোভাবে উৎসাহিত ছিলেন এবং এই বিষয়ে বিভিন্ন ব্যক্তি বা ব্যক্তি মহলকে আহবান করে অত্র সংস্থা প্রতিষ্ঠা করেছেন তারা প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে বিবেচিত হবেন। প্রতিষ্ঠাতা সদস্যদের সংস্থায় চাঁদা প্রদান বাধ্যতামূলক নয়।

পৃষ্ঠপোষক সদস্য:

এ ধরনের সদস্য পদ লাভ করতে হলে ৫০০.০০ (পাঁচ শত) টাকা ভর্তি ফি দিতে হবে এবং কার্যনির্বাহী পরিষদ সভায় অনুমোদিত হতে হবে। প্রতি বৎসর ভর্তি ফি এর সমপরিমাণ টাকা দিয়ে সদস্য পদ নবায়ণ করতে হবে। পৃষ্ঠপোষক সদস্য কার্যনির্বাহী পরিষদ কিংবা সাধারণ পরিষদের কর্মকর্তা নিযুক্ত কিংবা নির্বাচিত হতে পারবেন না; কিংবা কার্য নির্বাহী পরিষদ নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবে না। তবে পৃষ্ঠপোষক সদস্য কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে নির্বাচন কমিশনে অন্তর্ভুক্ত হতে পারবেন।

অনুমোদিত

২০/০৮/২০

নিবন্ধীকরণ কর্তৃপক্ষ

বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

কমা আক্তার

কমা আক্তার

মহাসচিব

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ

হেলাল উদ্দিন আহমেদ

চেয়ারম্যান

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

দাতা সদস্য:

কমপক্ষে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সংস্থার তহবিলে কোন ব্যক্তি দান করলে তিনি দাতা সদস্যপদ লাভ করতে পারবে। তবে এ ক্ষেত্রে কার্যনির্বাহী পরিষদ কর্তৃক সদস্যপদ অনুমোদিত হতে হবে। দাতা সদস্য সাধারণ ও কার্যনির্বাহী পরিষদ কোনটিতেই অন্তর্ভুক্ত হতে পারবেন না এবং ভোট প্রয়োগও করতে পারবেন না।

আজীবন সদস্য:

কোন ব্যক্তি এককালীন কমপক্ষে ২০০০০.০০ (বিশ হাজার) টাকা কিংবা সমপরিমাণ কোন সম্পদ সংস্থাকে দান করলে তিনি আজীবন সদস্য পদ লাভ করতে পারবেন। এ ক্ষেত্রে সদস্য পদ লাভ করার চূড়ান্ত হওয়ার বিষয় কার্যনির্বাহী পরিষদ সভায় অনুমোদন করতে হবে। তিনি কার্যনির্বাহী পরিষদ এবং সাধারণ পরিষদ নির্বাচনের ক্ষেত্রে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন কিংবা নির্বাচিত হতে পারবেন।

সাধারণ সদস্যপদ:

সাধারণ সদস্যপদ লাভ করতে হলে ৫০.০০ (পঞ্চাশ) টাকা ভর্তি ফি দিয়ে আবেদন করতে হবে এবং মাসিক ১০.০০ (দশ) টাকা হারে চাঁদা জমা দিতে হবে। কার্যনির্বাহী পরিষদ সভায় অনুমোদিত হলে সদস্যপদ প্রাপ্তি চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রত্যেক সাধারণ সদস্যই সংস্থার কার্যনির্বাহী পরিষদ গঠনের ক্ষেত্রে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। একজন সদস্য একটি ভোট প্রয়োগ করতে পারবেন। সাধারণ সদস্যের চাঁদার হার কার্যনির্বাহী পরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সাধারণ পরিষদ অনুমোদন স্বাপেক্ষে পরিবর্তনযোগ্য।

ধারা-১১ঃ সদস্যপদ বাতিল

- ১) কোন কারণ দর্শানো ব্যতিরিক্ত যদি পর পর ৩ (তিন) টি সভায় অনুপস্থিত থাকে (শুধুমাত্র কার্যনির্বাহী সভার ক্ষেত্রে)।
- ২) পর পর ৩ (তিন) মাসের চাঁদা পরিশোধে ব্যর্থ হলে।
- ৩) উন্মাদ হিসেবে চিহ্নিত হলে।
- ৪) মৃত্যুবরণ করলে।
- ৫) আইনগত অপরাধী বলে চিহ্নিত হলে।
- ৬) কোন সদস্য সংস্থার আদর্শ, উদ্দেশ্য ও স্বার্থের পরিপন্থি কোন কাজ করলে অথবা লিপ্ত থাকলে।
- ৭) রাষ্ট্রীয় বিরোধী কাজে লিপ্ত থাকলে।
- ৮) কোন দায়িত্বশীল ব্যক্তি (সদস্য) পদত্যাগ করতে চাইলে তিনি চেয়ারম্যান বরাবরে আবেদনপত্র দাখিল করবেন। তবে ঐ পদত্যাগ পত্রের বিষয় চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত না হওয়া পর্যন্ত আবেদনকারী নিজ দায়িত্বে বহাল থাকবেন।
- ৯) আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে।
- ১০) যৌতুক গ্রহণ বা প্রদান করলে সদস্যপদ বাতিল হবে।

ধারা-১২ঃ সদস্যপদ পুনঃ বিবেচনার নিয়মাবলী

- ১) কোন সদস্য সংস্থার আদর্শ, উদ্দেশ্য ও স্বার্থের পরিপন্থি কোন কাজ করলে অথবা লিপ্ত থাকলে কার্যনির্বাহী পরিষদের অনুমোদনক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা তাকে কারণ দর্শানো নোটিশ জারী করবেন। ঐ সদস্যের কারণ দর্শানো নোটিশের উত্তর চেয়ারম্যান কার্যনির্বাহী সভায় উপস্থাপন করবেন এবং কার্যনির্বাহী সভায় বিষয়টি চূড়ান্ত হবে।



কমা আক্তার

মহাসচিব

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ

চেয়ারম্যান

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

অনুমোদিত

২০১৬

নিবন্ধীকরণ কর্মসূচী

বেঙ্গোপসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

- ২) কোন সদস্য নির্ধারিত মাসিক চাঁদা মাসিক ভিত্তিতে পরিশোধ করতে ব্যর্থ হলে তার সদস্যপদ বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে পুনরায় আবেদন ফি সহ পুনঃ সদস্যপদ লাভের জন্য নিয়মতান্ত্রিক উপায়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবরে আবেদন করতে পারবেন।
- ৩) সংস্থার উদ্দেশ্য, আদর্শ ও স্বার্থের পরিপন্থি কোন কাজের প্রশ্নে সদস্যপদ বাতিল হলে উক্ত সদস্য এ সকল গর্হিত কাজের জন্য ভুল স্বীকার করে চেয়ারম্যান বরাবরে পুনঃ সদস্যপদ লাভের জন্য নিয়মতান্ত্রিক উপায়ে আবেদন করতে পারবেন। এই আবেদন কার্যনির্বাহী পরিষদ পরবর্তী সাধারণ সভায় পেশ করবেন এবং সাধারণ পরিষদের বিবেচনায় তা অনুমোদন লাভ করলে নিয়মতান্ত্রিক পদ্ধতিতে তাকে সদস্যপদ পূণঃবহাল করা হবে।

ধারা-১৩ঃ সংস্থার পরিষদসমূহ

“ঢাকা পল্লী সেবা সংস্থা”- এর সমস্ত কার্যক্রম পরিচালনার জন্য ৩ (তিন) টি পরিষদ থাকবে।

- ১) সাধারণ পরিষদ
- ২) কার্যনির্বাহী পরিষদ
- ৩) উপদেষ্টা পরিষদ (কার্যনির্বাহী পরিষদ উপদেষ্টা পরিষদ গঠনের প্রয়োজনীয়তা অনুভব করলে)

ধারা-১৪ঃ সাধারণ পরিষদ

সমাজের দারিদ্র পীড়িত মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কতিপয় ত্যাগী, উৎসাহী ও সমাজসেবী মানুষ স্বতঃস্ফূর্তভাবে স্ব উদ্যোগে একত্রিত হয়ে সংগঠন প্রতিষ্ঠা করে তারাই হল সংস্থার সাধারণ পরিষদের সদস্য যা পরবর্তীতে গঠনতন্ত্রে স্বীকৃতি লাভ করেছে। সংস্থার গঠনতন্ত্রের নিয়ম-কানুন মেনে যারা ভবিষ্যতে সদস্য হতে ইচ্ছুক বা সদস্য পদের জন্য আবেদন করবে কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে তারাই সাধারণ সদস্যপদ লাভ করবে এবং তারাও সাধারণ পরিষদের সদস্য হিসেবে বিবেচিত হবে। সাধারণ পরিষদের সদস্য সংখ্যা হবে অনূন্য দুইজন নারী সদস্যসহ সর্বনিম্ন ১৫ (পনেরো) ও সর্বোচ্চ ৩১ (একত্রিশ) জন।

সাধারণ পরিষদের ক্ষমতা:

- ১) সাধারণ পরিষদ প্রতিষ্ঠানের সর্বোচ্চ ক্ষমতা সম্পন্ন পরিষদ বলে বিবেচিত হবে।
- ২) সাধারণ পরিষদ বছরে একবার অধিবেশন মিলিত হবে এবং সংস্থার সকল প্রকার কার্যক্রমের উপর বিস্তারিত আলাপ আলোচনার মাধ্যমে পুঞ্জানুপুঞ্জরূপে বিশ্লেষণ ও উপদেশ প্রদান করবেন।
- ৩) সংস্থার প্রয়োজনে সাধারণ সভা বছরে একাধিকবার হতে পারবে।
- ৪) কার্যনির্বাহী পরিষদের সামগ্রিক কার্যাবলী সাধারণ পরিষদ অনুমোদন করবে।
- ৫) সাধারণ পরিষদ বাৎসরিক বাজেট (আয়-ব্যয়ের হিসাব) অনুমোদন করবে।
- ৬) সাধারণ পরিষদের মোট সদস্যের উপস্থিত দুই তৃতীয়াংশ সদস্য ভোটের মাধ্যমে গঠনতন্ত্র সংযোজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবেন।
- ৭) কার্যনির্বাহী পরিষদের অনুমোদিত নীতিমালা, পরিচালনা পর্ষদ গঠন, বার্ষিক বহিঃনিরীক্ষক নিয়োগ ও বহিঃনিরীক্ষকের সম্মানী নির্ধারণ ইত্যাদি বিষয়সমূহ সাধারণ পরিষদ চূড়ান্তভাবে অনুমোদন প্রদান করবে।

ধারা-১৫ঃ কার্যনির্বাহী পরিষদ

- ১) সাধারণ পরিষদের সদস্যদের ভোটের মাধ্যমে কার্যনির্বাহী পরিষদের সকল সদস্য নির্বাচিত হবেন।
- ২) কার্যনির্বাহী পরিষদের সদস্য সংখ্যা অনূন্য ২ জন মহিলাসহ ৭ (সাত) জন।



কমা আক্তার
মহাসচিব

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান

ঢাকা পল্লী সেবা সংস্থা

অনুমোদিত

নিবন্ধীকরণ কর্তৃপক্ষ

সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

৩) কার্যনির্বাহী পরিষদের মেয়াদকাল ৩ বছর হবে।

কার্যনির্বাহী পরিষদের পদ বিন্যাস

১) চেয়ারম্যান (Chairman)	১ (এক) জন
২) ভাইস-চেয়ারম্যান (Vice-Chairman)	১ (এক) জন
৩) মহাসচিব (Secretary General)	১ (এক) জন
৪) কোষাধ্যক্ষ (Treasurer)	১ (এক) জন
৫) সাংগঠনিক সচিব (Organizational Secretary)	১ (এক) জন
৬) কার্যনির্বাহী সদস্য (Executive Member)	২ (দুই) জন

ধারা-১৬ঃ কার্যনির্বাহী পরিষদের ক্ষমতা:

- ১) সংস্থার সকল কার্যাবলী একটি কার্যনির্বাহী পরিষদ দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে এবং “ঢাকা পল্লী সেবা সংস্থা”-এর কার্যপরিষদ ও দিক নির্দেশনা নির্ধারন এবং সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব কার্যনির্বাহী পরিষদের উপর ন্যস্ত থাকবে।
- ২) কার্যনির্বাহী পরিষদ ৩ (তিন) মাস পর পর সভায় মিলিত হবেন এবং বিগত সময়ে বাস্তবায়িত কর্মকান্ডের পর্যালোচনা করবেন ও পরবর্তী কর্মসূচী বাস্তবায়নের সম্ভাব্য পরামর্শ প্রদান করবেন। আয়-ব্যয়ের হিসাব বা আর্থিক প্রতিবেদন অনুমোদন করবেন।
- ৩) সংস্থার প্রয়োজনে কার্যনির্বাহী পরিষদ যেকোন সময় সভায় মিলিত হতে পারবেন।
- ৪) কার্যনির্বাহী পরিষদ সংস্থার উন্নয়নকল্পে যাবতীয় পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প গ্রহণ এবং সংস্থার সমস্ত বাজেট প্রনয়ন ও প্রাথমিকভাবে অনুমোদন করবেন।
- ৫) কার্যনির্বাহী পরিষদ সংস্থা পরিচালনার জন্য বিভিন্ন নিয়মকানুন বা পলিসি গাইড লাইন (Policy Guide Line) প্রনয়ন করবেন।
- ৬) কার্যনির্বাহী পরিষদ সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য একজন প্রধান নির্বাহী পরিচালক নিয়োগ করবেন। কার্যনির্বাহী পরিষদ হবে প্রধান নির্বাহী পরিচালক(Chief Executive Director) ব্যতিত ৭ (সাত) জন এবং কার্যনির্বাহী পরিষদের অনুমোদন স্বাপেক্ষে চেয়ারম্যান (Chairman) প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director) এর নিয়োগ পত্রে স্বাক্ষর করবেন। প্রধান নির্বাহী পরিচালক পদাধিকার বলে সদস্য সচিব হিসেবেও কার্যনির্বাহী পরিষদের দায়িত্ব পালন করতে পারবেন। প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director) সংস্থার কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।
- ৭) কার্যনির্বাহী পরিষদ সকল কাজের জন্য সামগ্রিকভাবে সাধারণ পরিষদের নিকট দায়ী থাকবেন।
- ৮) সংস্থার গঠনতন্ত্র অনুযায়ী কার্যনির্বাহী পরিষদ সভার মাধ্যমে সদস্য পদের চূড়ান্ত মনোনয়ন প্রদান করবেন।
- ৯) প্রধান নির্বাহী পরিচালক ব্যতিত কার্যনির্বাহী পরিষদের কোন সদস্য নিয়মিত বেতনভোগী কর্মকর্তা বা কর্মচারী হিসেবে সুযোগ গ্রহণ করতে পারবে না। সাধারণ পরিষদের অনুমোদন স্বাপেক্ষে সম্মানি ভাতা/যাতায়াত ভাতা গ্রহণ করতে পারবেন।
- ১০) কার্যনির্বাহী পরিষদ হতে কোন সদস্য পদত্যাগ করলে বা মৃত্যুবরণ করলে অথবা কোন গুরুতর অপরাধের জন্য বাদ দেয়া হলে কার্যনির্বাহী পরিষদ পরবর্তী সভায় শূন্য পদ পূরণের জন্য সাধারণ পরিষদ হতে যে কোন সদস্যকে কো-অপ্ট এর মাধ্যমে শূন্য পদ পূরণ করবেন।



কমা আজহার
মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা


হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

অনুমোদিত


নিবন্ধীকরণ কর্মকর্তা
বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ধারা-১৭ঃ উপদেষ্টা পরিষদের ক্ষমতা

সংস্থার কার্য নির্বাহী পরিষদ প্রয়োজনে নিম্ন শর্ত স্বাপেক্ষে একটি উপদেষ্টা পরিষদ গঠন করতে পারবে:

- ১) উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা হবে ৩ (তিন) জন। উপদেষ্টা পরিষদের সদস্যগণ কার্যনির্বাহী পরিষদ কর্তৃক ৩ (তিন) বছরের জন্য মনোনীত হবেন।
- ২) উপদেষ্টা পরিষদের সদস্যগণ কার্যনির্বাহী পরিষদকে উপদেশ ও পরামর্শ প্রদান করবেন।
- ৩) উপদেষ্টা পরিষদ সদস্যগণ বছরে দুইবার অধিবেশনে মিলিত হবেন।

ধারা-১৮ঃ চেয়ারম্যান (Chairman) এর দায়িত্ব

- ১) চেয়ারম্যান সংস্থার গঠনতান্ত্রিক প্রধান হিসেবে কাজ করবেন।
- ২) তিনি কার্যনির্বাহী পরিষদ ও সকল সভার সভাপতিত্ব করবেন।
- ৩) স্থায়ী কাজের জন্য চেয়ারম্যান কার্যনির্বাহী পরিষদের কাছে দায়ী থাকবেন।
- ৪) তিনি গঠনতন্ত্রের লক্ষ্য, উদ্দেশ্য ও অন্যান্য ধারাসমূহ সঠিকভাবে কার্যকর হচ্ছে কি না তদারকি করবেন এবং প্রধান নির্বাহী পরিচালক কে পরামর্শ প্রদান করবেন।

ধারা-১৯ঃ ভাইস-চেয়ারম্যান (Vice-Chairman) এর দায়িত্ব

- ১) সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি কার্য নির্বাহী পরিষদসহ যে কোন পরিষদ সভার সভাপতির দায়িত্ব পালন করবেন।
- ২) সভাপতির সকল প্রকার কার্যক্রম বাস্তবায়নে সহ-সভাপতি সহযোগিতা করবেন।

ধারা-২০ঃ মহাসচিব (Secretary General) এর দায়িত্ব

- ১) চেয়ারম্যান (Chairman) ও প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director)কে সার্বিক ভাবে সহযোগিতা করবেন।
- ২) প্রধান নির্বাহী পরিচালক সহায়তা স্বাপেক্ষে সকল প্রকার কাজে নিয়োজিত থাকবেন।
- ৩) মহাসচিব (Secretary General) কার্যনির্বাহী পরিষদ ও সাধারণ সভা পরিচালনা করবেন।
- ৪) তিনি চেয়ারম্যানের সাথে আলোচনা বা সভাপতির পরামর্শ স্বাপেক্ষে সকল সভা আহ্বান করবেন।
- ৫) মহাসচিব (Secretary General) পদাধিকার বলে কার্যনির্বাহী পরিষদ সভার সচিব হিসেবে যাবতীয় সম্পাদকীয় দায়িত্ব পালন ও সমন্বয় সাধন করবেন।

ধারা-২১ঃ ট্রেজারার (Treasurer) এর দায়িত্ব

- ১) কোষাধ্যক্ষ সংস্থার সকল প্রকার আয়-ব্যয়ের হিসাব পরিবেক্ষণ ও নিরীক্ষণ করবেন।
- ২) তিনি প্রধান নির্বাহী পরিচালক সহায়তা স্বাপেক্ষে সকল প্রকার আয় ব্যয়ের বিবরণী তৈরী করে তিনি তা কার্যনির্বাহী পরিষদের নিকট পেশ করবেন।
- ৩) তিনি প্রয়োজনে প্রকল্প ও বাৎসরিক বাজেট তৈরীতে প্রধান নির্বাহী পরিচালককে সহায়তা করবেন এবং তা অনুমোদনের জন্য প্রধান নির্বাহী পরিচালকের মাধ্যমে কার্যনির্বাহী সভায় পেশ করবেন ও চূড়ান্ত অনুমোদনের জন্য সাধারণ পরিষদের সভায় পেশ করবেন।
- ৪) চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান এর অনুপস্থিতিতে কোষাধ্যক্ষ কার্যনির্বাহী পরিষদ সভার সভাপতিত্ব করবেন।
- ৫) কোষাধ্যক্ষ সকল প্রকার কাজের জন্য কার্য নির্বাহী পরিষদের নিকট দায়ী থাকবেন।



কনা আক্তার

মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ, ঢাকা



হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

অনুমোদিত


নির্বাহীকরণ কর্তৃক
স্বচ্ছসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

৬) কোষাধ্যক্ষ তার সকল প্রকার কাজ প্রধান নির্বাহী পরিচালক মাধ্যমে সম্পাদন করবেন।

ধারা-২২ঃ সাংগঠনিক সচিব (Organizational Secretary) এর দায়িত্ব

সংগঠনের গতি বৃদ্ধির লক্ষ্যে যে কোন কার্যক্রম চেয়ারম্যান/প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director) সহিত আলোচনাক্রমে করতে পারবেন। এছাড়া কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

ধারা-২৩ঃ প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director) এর দায়িত্ব

- ১) প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director) সভাপতি এবং মহাসচিবের সাথে আলোচনা বা সভাপতির পরামর্শ স্বাপেক্ষে সকল সভা আহবান করতে পারবেন।
- ২) কার্য নির্বাহী পরিষদের অনুমোদন স্বাপেক্ষে সংস্থার সমস্ত কর্মসূচীর পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে প্রধান নির্বাহী পরিচালক সংস্থার অভ্যন্তরে গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৩) তিনি সংস্থার সকল প্রকার সম্পদ ও কাগজপত্র রক্ষণাবেক্ষণ করবেন।
- ৪) যাবতীয় আয় ব্যয়ের (প্রতিষ্ঠানের) প্রশ্নে কার্যনির্বাহী পরিষদের অনুমোদন ক্রমে তিনি চূড়ান্ত অনুমোদন ও স্বাক্ষর করবেন।
- ৫) সংস্থার সকল প্রকার কাজের প্রয়োজনে তিনি সভাপতি ও মহাসচিবের পরামর্শ গ্রহণ করবেন।
- ৬) প্রধান নির্বাহী পরিচালক সংস্থার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় কাজের নির্দেশ দিতে পারবেন।
- ৭) প্রধান নির্বাহী পরিচালক কোষাধ্যক্ষের পরামর্শ ও সহযোগিতা নিয়ে সংস্থার বার্ষিক বাজেট তৈরী করে কার্যনির্বাহী পরিষদে পেশ করবেন। কার্যনির্বাহী পরিষদের অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদনের জন্য সাধারণ সভায় পেশ করবেন।
- ৮) তিনি সকল প্রকার আয় ব্যয়ের হিসাব তত্ত্বাবধায়ন করবেন এবং তা কার্যনির্বাহী পরিষদে দাখিল করবেন।
- ৯) হিসাব নিরীক্ষক ও তত্ত্বাবধায়কের দ্বারা আয় ব্যয়ের হিসাব যথাযথ নিরীক্ষার পর তা বার্ষিক সাধারণ সভায় পেশ করবেন।
- ১০) প্রধান নির্বাহী পরিচালক কার্যনির্বাহী পরিষদের অনুমোদিত Policy guideline অনুযায়ী সংস্থার কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করবেন এবং তিনি কার্যনির্বাহী পরিষদ অনুমোদিত Policy guideline অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য পরিচালক, কর্মচারী নিয়োগ, পদোন্নতি, বদলী ও ছাটাই করতে পারবেন। তিনি সংস্থার স্বার্থে কোন পরিচালক, কর্মী এবং সংস্থা বহির্ভূত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের বা আইনের আশ্রয় গ্রহণ করতে পারবেন।
- ১১) নির্বাহী দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রধান নির্বাহী পরিচালক শুধুমাত্র সভাপতি ও নির্বাহী পরিষদের কাছে দায়বদ্ধ থাকবেন।
- ১২) প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director) কার্যনির্বাহী পরিষদের অনুমোদন স্বাপেক্ষে “ঢাকা পল্লী সেবা সংস্থা” এর পক্ষ হতে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, সমাজ সেবা বিভাগ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, এনজিও বিষয়ক ব্যুরো, জয়েন্ট স্টক কোম্পানী, দেশি-বিদেশি বিভিন্ন দাতা সংস্থা, বিভিন্ন সরকারি-বেসরকারি ব্যাংক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), লিজিং ও ফাইন্যান্সিং কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানের সাথে যেকোন প্রয়োজনে যোগাযোগ রক্ষা ও চুক্তিপত্র সম্পাদন এবং আর্থিক লেনদেন করতে পারবেন। তবে যেসকল

অনুমোদিত

নির্বাহী করন

সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

কনা আক্তার
মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা

প্রতিষ্ঠানের ক্ষেত্রে কার্যনির্বাহী পরিষদ সদস্যদের চুক্তিপত্র সম্পাদনের বাধ্যবাধকতা রয়েছে সেসকল ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে কার্যনির্বাহী পরিষদ সদস্যগণ চুক্তিপত্র সম্পাদন করবেন। কোন কারনে প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director) অনুপস্থিত থাকলে অথবা দেশের বাহিরে থাকলে কার্যনির্বাহী পরিষদের সদস্যদের মতামতের ভিত্তিতে এবং কার্যনির্বাহী পরিষদের অনুমোদন স্বাপেক্ষে কার্যনির্বাহী পরিষদের চেয়ারম্যান/মহাসচিব “ঢাকা পল্লী সেবা সংস্থা” এর পক্ষ হতে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, সমাজ সেবা বিভাগ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, এনজিও বিষয়ক ব্যুরো, জয়েন্ট স্টক কোম্পানী, দেশি-বিদেশি বিভিন্ন দাতা সংস্থা, বিভিন্ন সরকারি-বেসরকারি ব্যাংক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), লিজিং ও ফাইন্যান্সিং কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানের সাথে যেকোন প্রয়োজনে যোগাযোগ রক্ষা ও চুক্তিপত্র সম্পাদন এবং আর্থিক লেনদেন করতে পারবেন। প্রধান নির্বাহী পরিচালক সংস্থার দায়িত্বে থাকাবস্থায় সংস্থার অনুকূলে যে কোন সময় যে কোন ব্যাংক থেকে ব্যাংক ঋণসহ দাতা সংস্থার দান-অনুদান গ্রহণ করতে পারিবেন এবং প্রধান নির্বাহী পরিচালকের স্বাক্ষরেই চুক্তিপত্র সম্পাদন করা হবে।

ধারা-২৪: সভার প্রকার

ঢাকা পল্লী সেবা সংস্থা ০৬ (ছয়) প্রকার সভা করতে পারবেন।

- ১) সাধারণ সভা
- ২) কার্যনির্বাহী সভা
- ৩) জরুরী সভা
- ৪) বিশেষ সাধারণ সভা
- ৫) তলবী সভা
- ৬) মূলতলবী সভা

ধারা-২৫: সভা আহ্বানের নিয়মাবলী

- ১) সাধারণ সভা: সাধারণ পরিষদের সভার ক্ষেত্রে ১৫ দিন পূর্বে সকল সদস্যদের কাছে বিজ্ঞপ্তি, ইমেইল অথবা টেলিফোনের মাধ্যমে অবহিত করতে হবে। প্রতিবছর সাধারণ পরিষদ কমপক্ষে ১ (এক) বার অধিবেশনে মিলিত হবেন। মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।
- ২) কার্যনির্বাহী সভা: প্রতি ৩ (তিন) মাসে কার্যনির্বাহী পরিষদ ১ (এক) বার অধিবেশনে মিলিত হবেন। তবে প্রয়োজনবোধে ৩ (তিন) মাসের আগেও সভা আহ্বান করা যাবে। চেয়ারম্যান ও মহাসচিবের সাথে পরামর্শ করে প্রধান নির্বাহী পরিচালক (Chief Executive Director) কার্যনির্বাহী পরিষদের সভার ক্ষেত্রে ৭ দিন পূর্বে সকল সদস্যদের কাছে তারিখ, সময় ও আলোচ্য বিষয় উল্লেখ করে বিজ্ঞপ্তি, ইমেইল অথবা টেলিফোনের মাধ্যমে অবহিত করতে হবে। মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।
- ৩) জরুরী সভা: সভাপতি ও মহাসচিবের অনুমতি স্বাপেক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা ৪৮ ঘন্টার বিজ্ঞপ্তিতে সাধারণ পরিষদের জরুরী সভা আহ্বান করা যাবে। ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশ প্রদান করে বিশেষ প্রয়োজনে জরুরী কার্যনির্বাহী সভা আহ্বান করতে পারবেন। মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

অনুমোদিত

২০১৬

নির্বাহীকর্তার স্বাক্ষর

স্বাক্ষরসহী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

কনা আক্তার
মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

৪) বিশেষ সাধারণ সভা: যে কোন কারনে বিশেষ সাধারণ সভার ক্ষেত্রে ৭(সাত) দিন পূর্বে সকল সদস্যদের কাছে বিশেষ আলোচ্যসূচি উল্লেখ করে বিজ্ঞপ্তি, ইমেইল অথবা টেলিফোনের মাধ্যমে অবহিত করতে হবে। এ সভায় বিশেষ আলোচ্য সূচি ছাড়া অন্য কোন আলোচনাসহ সিদ্ধান্ত গ্রহণ করা যাবে না। মোট সদস্যের ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

৫) তলবী সভা: মোট সদস্যের কমপক্ষে ২/৩ (দুই-তৃতীয়াংশ) সদস্য বিশেষ সাধারণ সভা আহবানের জন্য কর্মসূচি আলোচ্য বিষয় উদ্দেশ্য ব্যক্ত করে স্বাক্ষর দান করতঃ তলবী সভার আবেদন সংস্থার চেয়ারম্যান/মহাসচিবের নিকট জমা দিতে পারবেন।

৬) মূলতলবী সভা: সাধারণ সভার নির্ধারিত অংশের সর্বোচ্চ ৩০ (ত্রিশ) মিনিট বিলম্বে সভা করা যাবে। অন্যথায় সভা স্থগিত করতে হবে। সাধারণ সভা কোরামের অভাবে স্থগিত করলে ৩০(ত্রিশ) দিনের মধ্যে পরবর্তী সভার নোটিশ প্রদান করতে হবে এবং ঐ স্থগিত সাধারণ সভা কোরাম না হলে যতজন সদস্য উপস্থিত থাকবেন তাদের নিয়েই সভা অনুষ্ঠিত করে তাদের মতামত/সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য করা হবে।

কার্যনির্বাহী সভা দুই বার কোরামের অভাবে স্থগিত হলে তৃতীয়বার যতজন সদস্য উপস্থিত থাকবেন তাদের নিয়েই সভা অনুষ্ঠিত করে তাদের মতামত/সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য করা হবে এবং সাধারণ সদস্য হতে কো-অপট কও কার্যনির্বাহী পরিষদেও শূন্য সদস্যপদ অবশ্যই পূরণ করতে হবে।

ধারা-২৬ঃ কোরাম ও সিদ্ধান্ত

- ১) “ঢাকা পল্লী সেবা সংস্থা” এর সাধারণ পরিষদ এর দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।
- ২) “ঢাকা পল্লী সেবা সংস্থা” এর কার্যনির্বাহী পরিষদের দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।
- ৩) “ঢাকা পল্লী সেবা সংস্থা” এর সাধারণ ও কার্যনির্বাহী যেকোন পরিষদের সভায় উপস্থিত (কোরাম পূর্ণ হলে) সদস্যদের দুই তৃতীয়াংশ সমর্থনে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।
- ৪) কোরাম পূর্ণ না হলে সভাকে স্থগিত ঘোষণা করা হবে এবং পরবর্তীতে উক্ত সভা অনুষ্ঠিত হবে।
- ৫) প্রথম ও দ্বিতীয় সভায় কোরাম পূর্ণ না হলে এবং তৃতীয় সভাতেও কোরাম পূর্ণ না হলে যে সমস্ত
- ৬) সদস্য উপস্থিত থাকবে তাদের নিয়েই সভা পরিচালনা করা যাবে এবং তাদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ধারা-২৭ঃ নির্বাচন

- ১) প্রতি ৩ (তিন) বছর অন্তর সাধারণ সভায় সংস্থার নির্বাচন অনুষ্ঠিত হবে।
- ২) নির্বাচনের ৩ (তিন) মাস পূর্বে প্রধান নির্বাহী কর্মকর্তা ভোটার তালিকা প্রণয়ন করবেন এবং কার্যনির্বাহী পরিষদ কর্তৃক তিনি তা অনুমোদন করিয়ে নিবেন।
- ৩) নির্বাচন নিম্নোক্ত ২ (দুই) ভাবে সম্পূর্ণ করা যাবে।
ক) সাধারণ পরিষদের সভায় সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে কার্যনির্বাহী পরিষদ গঠন করা যাবে।
খ) নির্বাচন অনুষ্ঠান করে গোপন ব্যালটের মাধ্যমে।

অনুমোদিত

২০/১০/২০

নির্বাহীকরন কর্তৃপক্ষ

সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রন)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

কনা আক্তার

কনা আক্তার
মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

খ.১) নির্বাচন অনুষ্ঠান করে গোপন ব্যালটের মাধ্যমে কার্যনির্বাহী পরিষদ গঠনের লক্ষ্যে সংস্থার সাধারণ পরিষদ নির্বাচন পরিচালনার জন্য গণ্যমান্য ব্যক্তির সমন্বয়ে ৩ সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করবে। এ কমিশনের ১ জন প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করবেন। সংস্থার সদস্য নহেন এমন এক জন ব্যক্তি অথবা স্থানীয় উপজেলার সমাজসেবা কর্মকর্তাকে প্রধান নির্বাচন কমিশনার এবং সংস্থার বিদ্যমান কার্যনির্বাহী পরিষদের সদস্য নহেন এবং আগামীতে প্রার্থী কিংবা প্রার্থীর পক্ষে প্রস্তাবক ও সমর্থক হবেন না এমন ২ (দুই) জন বৈধ সদস্যকে নির্বাচন কমিশনের সদস্য করে মোট ৩ সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিশন গঠন করতে হবে। নির্বাচন কমিশনের ২(দুই) জন সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।

খ.২) চলমান কার্যনির্বাহী পরিষদের মেয়াদ শেষ হওয়ার ৩০ দিন পূর্বে নতুন কার্যনির্বাহী পরিষদ গঠনের লক্ষ্যে নির্বাচন কমিশনের মাধ্যমে নির্বাচন পরিচালনা করা হবে।

খ.৩) সংস্থার সাধারণ সদস্য, প্রতিষ্ঠাতা সদস্য এবং আজীবন সদস্যগণ নির্বাচনে ভোটের হিসাবে বিবিচিত হবেন।

- ৪) যে সকল সদস্য নির্বাচনের তারিখের কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে সদস্য পদ গ্রহন বা নবায়ন করবেন তাদের নাম ভোটের তালিকাভুক্ত হবে এবং তারা ভোটের হিসাবে গণ্য হবেন। সংস্থার চাঁদা হালনাগাত পরিশোধিত না থাকলে কোন সদস্যই ভোটের হতে পারবেন না। ৩০ দিন পূর্বে বকেয়া চাঁদা পরিশোধ করলে ভোটের হতে পারবেন। প্রতিষ্ঠাতা সদস্যের ভোটের তালিকাভুক্তি ছাড়া নির্বাচনে অংশগ্রহণ বা ভোটাধিকার প্রয়োগ করা যাবে না।
- ৫) নির্বাচন কমিশন সংস্থার সদস্য রেজিস্টার বহি, নবায়ন সংক্রান্ত কাগজ এবং প্রয়োজনীয় অন্যান্য রেকর্ড পত্র পর্যালোচনা কওে যথা সময়ে ভোটের তালিকা প্রণয়ন করবেন।
- ৬) নির্বাচন কমিশন নির্বাচনের তারিখের অন্ততঃ ৩০দিন পূর্বে খসড়া ভোটের তালিকা প্রকাশ করবেন। খসড়া ভোটের তালিকায় কারো আপত্তি থাকলে তালিকা প্রকাশের ০২দিনের মধ্যে নির্বাচন কমিশনারের বরাবরে আবেদন করা যাবে।
- ৭) প্রাপ্ত আবেদনপত্র/আবেদনপত্রসমূহ/আপত্তিসমূহ ০১দিনের মধ্যে নির্বাচন কমিশন মীমাংসা করবে।
- ৮) নির্বাচন অনুষ্ঠানের অন্ততঃ ২১দিন পূর্বে নির্বাচন কমিশনার চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশ করবেন। নির্বাচনের তারিখ মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখ, মনোনয়নপত্র বাছাই, চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ, প্রতীক বরাদ্দ, ভোট গণনা, ফলাফল প্রকাশ ইত্যাদি যাবতীয় বিষয়ের সময় ও তারিখ নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত হবে।
- ৯) মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে আপিল করা যাবে। আবেদন প্রাপ্তির ০১দিনের মধ্যে নির্বাচন কমিশন ইহা নিষ্পত্তি করে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে।
- ১০) নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ফলাফলের বিরুদ্ধে কারো আপত্তি থাকলে ফলাফল প্রকাশের ০৭দিনের মধ্যে নিবন্ধিকরণ কর্তৃপক্ষের নিকট আপীল করা যাবে। নিবন্ধিকরণ কর্তৃপক্ষের সিদ্ধান্ত এ ক্ষেত্রে চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১) নির্বাচন কমিশনার নির্বাচন সংক্রান্ত সকল প্রকার নোটিশ ও নির্বাচনী তফসীল প্রত্যেক সদস্যের নিকট ডাকযোগে বা বাহক মারফত প্রেরণ করবেন। প্রয়োজনে পত্রিকায় এতদবিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারবেন।

নির্বাহী
কমিশনার

কনা আক্তার
মহাসচিব

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

অনুমোদিত

নির্বাহী করণ
সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

- ১২) নির্বাচন কমিশনার নির্বাচন সংক্রান্ত আনুষঙ্গিক কার্যক্রম অর্থাৎ মনোনয়নপত্র, ব্যালট পেপার ইত্যাদি প্রস্তুত করবেন। এ ছাড়া নির্বাচন কমিশন মনোনয়নপত্রের মূল্য, ভোটার তালিকার মূল্য এবং প্রার্থীর জামানত ফিস ইত্যাদি নির্ধারণ করবেন। বিদ্যমান কার্যনির্বাহী পরিষদ নির্বাচন কমিশনকে সার্বিকভাবে সহযোগীতা করবেন।
- ১৩) তফসীল ঘোষিত হওয়ার পর দৈব-দুর্বিপাক বা অন্য কোন অনিবার্য কারণে নির্ধারিত তারিখে নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব না হলে, নির্বাচন কমিশন পরবর্তী ৩০ দিনের মধ্যে নিবন্ধিকরণ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ১৪) নির্বাচন কমিশন গঠিত কার্যনির্বাহী পরিষদ সাধারণ পরিষদ অনুমোদন প্রদান করবে এবং নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ অনুমোদনের জন্য জেলা সমাজসেবা কার্যালয়ে দাখিল ও অনুমোদন গ্রহণ করতে হবে।
- ১৫) কার্যনির্বাহী পরিষদের কোন সদস্য মৃত বা কোন কারণে পদে বহাল না থাকলে কার্যনির্বাহী পরিষদ পরবর্তী সভায় শূন্য পদ পূরণের জন্য সাধারণ পরিষদ হতে যে কোন ব্যক্তিকে প্রস্তাব সমর্থনের মাধ্যমে মনোনীত বা কো-অপট (Co-opt) করবেন। নির্বাচনের ৬ (ছয়) মাস পূর্বে কোন পদ শূন্য হলে কার্য নির্বাহী পরিষদ কো-অপট ছাড়াই কাজ চালিয়ে যেতে পারবেন।
- ১৬) যদি এমন কোন জরুরী বা বিশেষ অবস্থার সৃষ্টি হয় যে, সংস্থার কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে অনতি বিলম্বে কার্যনির্বাহী পরিষদ গঠন করা প্রয়োজন সেক্ষেত্রে জরুরীভাবে সাধারণ সভা আহ্বানের মাধ্যমে উপস্থিত সদস্যদের ২/৩ (দুই তৃতীয়াংশ) এর ঐক্যমতের ভিত্তিতে বর্তমান কার্যনির্বাহী পরিষদ বিলুপ্ত ঘোষণা করে নতুন কার্যনির্বাহী পরিষদ গঠন করা যাবে।
- ১৭) কোন কারণে যথাসময়ে নির্বাচন করা সম্ভব না হলে, চলমান অনুমোদিত কার্যনির্বাহী পরিষদ মেয়াদ শেষ হলেও সর্বোচ্চ ৯০ (নব্বই) দিন পর্যন্ত দায়িত্ব পালন করবে এবং উক্ত সময়ের মধ্যে নির্বাচন আয়োজন করে কার্যনির্বাহী পরিষদ গঠন করতে হবে।

ধারা-২৮ঃ তহবিল সংরক্ষণ ও ব্যাংক হিসাব পরিচালনা:


- ১) সংস্থার কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাংলাদেশের সরকারি-বেসরকারি যেকোন তফসীলি বা বানিজ্যিক ব্যাংকের যেকোন শাখায় “ঢাকা পল্লী সেবা সংস্থা” নামে যেকোন ধরনের ব্যাংক হিসাব খোলা এবং পরিচালনা করা যাবে।
- ২) “ঢাকা পল্লী সেবা সংস্থা” এর নামে সংগৃহীত বা প্রাপ্ত অর্থ প্রাপ্তির সাথে সাথেই সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা দেয়া হবে।
- ৩) এমআরএ বিধিমালা-২০১০ এর বিধি ১৩(১০) মোতাবেক সংস্থার প্রধান নির্বাহী পরিচালক ও হিসাব রক্ষক যৌথভাবে সংস্থার মূল ব্যাংক হিসাব (Mother Account) পরিচালনা করবেন।
- ৪) প্রধান নির্বাহী পরিচালক স্বাক্ষরিত অথবা মনোনিত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি স্বাক্ষরিত রশিদে সকল প্রকার চাঁদা ও দান গ্রহণ করতে পারবেন।
- ৫) সংস্থার প্রয়োজনে প্রধান নির্বাহী পরিচালক সরকার অনুমোদিত যেকোন স্থানীয় ব্যাংকে শাখাভিত্তিক, প্রকল্প এবং বিষয়ভিত্তিক ব্যাংক হিসাব খুলতে পারবেন। প্রধান নির্বাহী পরিচালক ও সংস্থার দুইজন কর্মকর্তা ব্যাংক হিসাব পরিচালনা করবেন। প্রধান নির্বাহী পরিচালক ও সংস্থার দুইজন কর্মকর্তার মধ্য হতে যেকোন একজনের যৌথ স্বাক্ষরসহ ব্যাংক হিসাবের অর্থ উত্তোলন করা যাবে। প্রধান নির্বাহী পরিচালক যেকোন সময় সংস্থার প্রয়োজনে শাখাভিত্তিক, প্রকল্প এবং

স্বাক্ষর

কর্ণা আক্তার

কর্ণা আক্তার
মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোলা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা

অনুমোদিত

নিবন্ধীকরণ
স্বচ্ছসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

বিষয়ভিত্তিক ব্যাংক হিসাবের স্বাক্ষরকারী (Bank Signatory) পরিবর্তন, ব্যাংক হিসাব বন্ধ এমনকি লেনদেন স্থগিত রাখার জন্য তাৎক্ষণিকভাবে ব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করতে পারবেন। প্রধান নির্বাহী পরিচালক সংস্থার দায়িত্বে থাকারস্থায় সংস্থার অনুকূলে যে কোন সময় যে কোন ব্যাংক থেকে ব্যাংক ঋণসহ দাতা সংস্থার দান-অনুদান গ্রহণ করতে পারিবেন এবং তার স্বাক্ষরে চুক্তিপত্র সম্পাদন করা হবে।

- ৬) সংস্থার কার্যনির্বাহী পরিষদ সংস্থার প্রয়োজনে মূল ব্যাংক হিসাব (Mother Account) এর ব্যাংক স্বাক্ষরকারী (Bank Signatory) পরিবর্তন, ব্যাংক হিসাব বন্ধ এমনকি লেনদেন স্থগিত রাখার জন্য তাৎক্ষণিকভাবে ব্যাংক কর্তৃপক্ষকে অবহিত করতে পারবেন।

ধারা-২৯ঃ হিসাব নিরীক্ষা

- ১) প্রতি বছর সরকার অনুমোদিত এবং এনজিও বিষয়ক ব্যুরো ও এমআরএ তালিকাভুক্ত অডিট ফার্মের মাধ্যমে সংস্থার যাবতীয় আয়-ব্যয়ের অডিট করানো হবে।
- ২) সংস্থার অভ্যন্তরীণ যাবতীয় হিসাব নিকাশ নিরীক্ষণের জন্য প্রশাসনিক কর্মকর্তাদের মধ্যে হতে নিরীক্ষক নিয়োগ করা যাবে।
- ৩) অভ্যন্তরীণ নিরীক্ষক হিসাব-নিকাশ নিরীক্ষণ করে প্রধান নির্বাহী পরিচালক বরাবরে রিপোর্ট দাখিল করবেন এবং তিনি তা কার্যনির্বাহী পরিষদ সভার অনুমোদনের জন্য দাখিল করবেন।

ধারা-৩০ঃ প্রকল্প গ্রহণ

লক্ষ্যিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে যেকোন ধরনের সেবামূলক ও উৎপাদনমুখী আয়মূলক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং উদ্বুদ্ধকরণ প্রকল্প গ্রহণ করা যাবে। এ জন্য দেশী-বিদেশী দাতা সংস্থা এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান হতে অনুদান ও ঋণ গ্রহণ করা যাবে।

ধারা-৩১ঃ প্রকল্প কমিটি

প্রয়োজনে সংস্থার বিভিন্ন প্রকল্প সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নির্বাহী পরিচালকের নেতৃত্বে প্রকল্প কমিটি বা উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে প্রশাসনিক ও বাস্তবায়ন কমিটি গঠন করা যাবে।

ধারা-৩২ঃ উপদেষ্টা নিয়োগ

কার্যনির্বাহী পরিষদ সংস্থার কার্যক্রমকে সুন্দর ও সঠিকভাবে পরিচালনার জন্য জাতীয় ও আন্তর্জাতিক স্বেচ্ছাসেবক ও পরামর্শক নিয়োগ করতে পারবেন।

ধারা-৩৩ঃ আইনের আশ্রয় গ্রহণ

সংস্থার কোন কর্মী, কর্মকর্তা বা কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন বিধি বহির্ভূত বা সংস্থা বিরোধী কোন কাজে লিপ্ত হলে প্রধান নির্বাহী পরিচালক প্রয়োজনে তার বিরুদ্ধে আদালতে বা সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা রক্ষাকারী দপ্তরে মামলা দায়ের বা যেকোন ধরনের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সংস্থা বহির্ভূত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অত্র সংস্থার স্বার্থ বিরোধী কোন কার্য সম্পাদন করলে বা লিপ্ত থাকলে প্রধান নির্বাহী পরিচালক আদালত বা আইনের আশ্রয় গ্রহণ করতে পারবেন।

সংস্থার বিভিন্ন আঞ্চলিক বা শাখা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাসহ বিভিন্ন স্তরের কর্মকর্তা তার অধিনস্থ কর্মী বা কর্মচারীর বিরুদ্ধে তার দ্বারা সম্পাদিত সংস্থা বিরোধী দুঃকর্মের জন্য কিংবা সংস্থাবহির্ভূত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অত্র সংস্থার স্বার্থ বিরোধী কোন কার্য সম্পাদন করলে বা লিপ্ত থাকলে প্রয়োজনে তার বা তাদের বিরুদ্ধে মামলা দায়ের বা আইনের আশ্রয় গ্রহণ করতে পারবেন। তবে এ ক্ষেত্রে প্রধান নির্বাহী পরিচালকএর অনুমোদন নিতে হবে।

স্বাক্ষর

কমা আক্তার

কমা আক্তার
মহাসচিব

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান

ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

অনুমোদিত

স্বাক্ষর

নির্বাহীকরণ কর্তৃপক্ষ

স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নির্বাচন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।

ধারা-৩৪ঃ গঠনতন্ত্র পরিবর্তন

সংস্থার তহবিল ব্যয় ইত্যাদি বিষয়সমূহ সংস্থা কর্তৃক প্রয়োজনে বর্তমান পর্যায়ে বা ভবিষ্যতে গঠনতন্ত্রের সংশোধন, সংযোজন, পরিবর্তন ও বিয়োজন করতে হলে মোট সাধারণ সদস্যের মধ্যে দুই তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে ও সম্মতিতে কার্যকর হবে।

ধারা-৩৫ঃ সম্পদ

“ঢাকা পল্লী সেবা সংস্থা” অর্থে ক্রয়কৃত সকল সম্পদ “ঢাকা পল্লী সেবা সংস্থা” এর নামে ক্রয় করা হবে এবং সমস্ত সম্পদই “ঢাকা পল্লী সেবা সংস্থা” এর।

ধারা-৩৬ঃ সংস্থার বিলুপ্তি

যদি অনিবার্য কোন কারণ বা সরকারের বৈধ আপত্তির কারণে সংস্থার বিলুপ্তি ঘটে তাহলে বিলুপ্তির পর সংস্থার সমুদয় দায় দেনা পরিশোধ সাপেক্ষে অবশিষ্ট সকল প্রকার স্থাবর/অস্থাবর সম্পত্তি কোন সমাজসেবামূলক প্রতিষ্ঠান অথবা সরকারের সমাজসেবা অধিদপ্তরের কাছে হস্তান্তর করা হবে। সংস্থার মোট সাধারণ সদস্যের ৩/৫ (তিন পঞ্চমাংশ) সদস্যের মতামতের ভিত্তিতেই বিলুপ্তি ও সম্পদ হস্তান্তরের সিদ্ধান্ত কার্যকর হবে।

ধারা-৩৭ঃ আইনগত দিক

অত্র গঠনতন্ত্রে যা কিছু উল্লেখ থাকুক না কেন সংস্থাটি ১৯৬১ সনের ৪৬ নং অধ্যাদেশের আওতায় প্রচলিত আইন অনুযায়ী সকল কার্যক্রম পরিচালিত হবে।

কনা আক্তার

কনা আক্তার
মহাসচিব
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

হেলাল উদ্দিন আহমেদ

হেলাল উদ্দিন আহমেদ
চেয়ারম্যান
ঢাকা পল্লী সেবা সংস্থা
শোল্লা বাজার, নবাবগঞ্জ, ঢাকা

অনুমোদিত

২৯/১০/২০

নিবন্ধীকরণ কর্তৃপক্ষ
সেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ)
জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।



= সমাপ্ত =